রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৮, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মহানগর দায়রা জজ এবং পদাধিকার বলে**
**মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।**

**বিজ্ঞপ্তি**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনি আসামী জনাব মোহাম্মদ শাহনুর এর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং,

যেহেতু, এই আদালতের বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনি পলাতক রহিয়াছেন এবং আপনাকে গ্রেফতার বা আপনাকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করিবার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬ (১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাকে আগামী ১৩-০২-২০১৮ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনার অনুপস্থিতিতেই বিচারকার্য সম্পন্ন করা হইবে।

**তফসিল**

| ক্রমিক নং | পলাতক আসামীর নাম ও ঠিকানা | মামলার নম্বর ও ধারা |
|---|---|---|
| (১) | জনাব মোহাম্মদ শাহনুর, প্রাক্তন এ ই ও, জনতা ব্যাংক লিমিটেড, গেন্ডারিয়া শাখা, ঢাকা; পিতা-মৌলভী ফয়েজ আহমেদ, ঠিকানা-গ্রাম ও ডাক-পিয়ারাপুর, থানা ও জেলা-লক্ষ্মীপুর। | মেট্রোঃ বিশেষ মামলা নং-১৩৯/১৭<br>সূত্র : গেন্ডারিয়া থানার মামলা নং-০২,<br>তারিখ : ০৪-১০-২০১৬ খ্রিঃ<br>ধারা : দণ্ডবিধির ৪০৯/১০৯/৪৬৭/৪৬৮/৪৭১ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা। |

**মোঃ কামরুল হোসেন মোল্লা**
মহানগর দায়রা জজ এবং
পদাধিকার বলে
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০